# বগুড়া–২ আসনে নাগরিক ঐক্যের মান্নার মনোনয়ন বৈধ ঘোষণা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বগুড়া–২ (শিবগঞ্জ) আসনে নাগরিক ঐক্যের প্রার্থী মাহমুদুর রহমান মান্নার মনোনয়ন বৈধ বলে ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন। এর ফলে ওই আসনে তার প্রার্থিতা আনুষ্ঠানিকভাবে বহাল থাকল।

রোববার ১১ জানুয়ারি রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে আয়োজিত আপিল শুনানির দ্বিতীয় দিনে বিষয়টি নিষ্পত্তি হয়। বেজমেন্ট–২ এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত শুনানিতে কমিশন মান্নার আপিল গ্রহণ করে রায় দেয়।

নির্বাচন কমিশন জানিয়েছে, সংশ্লিষ্ট মামলার জটিলতা নিষ্পত্তি হওয়ায় তার মনোনয়নপত্রে আর কোনো আইনি বাধা নেই। তাই আপিল মঞ্জুর করে প্রার্থিতা পুনরুদ্ধার করা।

LENS ASIA